প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

স্কুল ফিডিং বার্তা

COAST The Coastal Association for Social Transformation Trust

বাংলাদেশ সরকারের আর্থিক এবং বিশ্বখাদ্য কর্মসূচির কারিগরি সহযোগিতায় "দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি"র মাসিক বুলেটিন

৮তম বর্ষ, ৬৩ তম সংখ্যা | জানুয়ারী- ২০১৮ খ্রিস্টাব্দ | পৌষ-মাঘ ১৪২৪ বঙ্গাব্দ

লক্ষিত উপকারভোগীর ধরণ ও সংখ্যা:-

প্রকল্পের সুবিধা পাচ্ছে চট্রগ্রাম বিভাগের লক্ষিপুর জেলার রামগতি উপজেলার দারিদ্রপীড়িত ও প্রত্যান্ত এলাকার সরকারী প্রাথমিক বিদ্যালয়, ও স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার অধ্যায়নরত ছাত্র/ছাত্রীগন ।

স্কুলের ধরন	স্কুল সংখ্যা	ছাত্র-ছাত্রীর সংখ্যা		
		ছেলে	মেয়ে	মোট
সরকারী প্রাথমিক বিদ্যালয়	৯৫	১৪৬৪৭	১৬৬৪৩	৩১২৯০
স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার	০২	১৯৯	২২৩	৪২২
মোটঃ-	৯৭	১৪৮৪৬	১৬৮৬৬	৩১৭১২

মেধা ও প্রতিভা বিকাশের লক্ষ্যে চিত্র অংকন প্রতিযোগিতা-২০১৮

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থায়নে এবং বিশ্ব খাদ্য কর্মসূচীর কারিগরি সহযোগিতায় কোস্ট ট্রাস্ট রামগতি উপজেলায় মহতি প্রকল্প স্কুল ফিডিং কমৃসূচী পরিচালনা করছে। প্রকল্পের আওতাভুক্ত প্রাথমিক বিদ্যালয় ও সতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসায়ে অধ্যয়নরত ৪র্থ ও ৫ম শ্রেনীর শিক্ষাথীদের মেধা ও প্রতিভা বিকাশের লক্ষ্যে বিদ্যালয়ের শিক্ষক ও এস.এম.সি সদস্যরা চিত্র অংকন প্রতিযোগিতার আয়োজন করে। ১৪ জানুয়ারী ২০১৮ ইং তারিখ হতে ২৬ জানুয়ারী ২০১৮ ইং তারিখ পর্যন্ত এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিদ্যালয় ভিত্তিক সেরা ছবি ক্লাস্টারে এবং ক্লাস্টার হতে সেরা ০৩টি ছবি বাছাই করে উপজেলায় প্রেরন করা হয়।

বিবির হাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের চিত্র অংকন প্রতিযোগীতায় একটি অংশ। ছবি তুলেছেন মোঃ দিদার হোসেন। তাং-২২ জানুয়ারী ২০১৮ ইং

বিগত বছর গুলোতে বিদ্যালয় ভিত্তিক চিত্র অংকন প্রতিযোগিতায় ছাত্রছাত্রীরা অংশগ্রহন করে। তার মধ্যে বিবির হাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অন্যতম। চিত্র অংকন প্রতিযোগীতায় এই বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা আন্তরিক ভাবে অংশগ্রহন করে এবং তারা স্কুল ফিডিং, খাদ্য, পুষ্টি, পরিবারের সবাই মিলে খাদ্য গ্রহন, ফসল তোলা, খাদ্য সংরক্ষন প্রভৃতি বিষয়ে চিত্র অংকন করে। এতে করে ছাত্রছাত্রীদের ছবি আকার প্রতি আগ্রহ বেড়ে যায় এবং তাদের মনের প্রতিভা ও পারদর্শিতা প্রকাশ পায়। তারা চিত্র অংকন প্রতিযোগিতায় অংশগ্রহন করতে পেরে অনেক আনন্দিত। তাদের বিদ্যালয়ে যেন প্রতি বছর চিত্রঅংকন প্রতিযোগিতার আয়োজন করা হয় তার জন্য স্কুলের শিক্ষক ও এস.এম.সি সদস্যদের সহযোগিতা কামনা করেন।

প্রাথমিক সমাপনী পরিক্ষায় সফলতা

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থায়নে এবং বিশ্ব খাদ্য কর্মসূচীর কারিগরি সহযোগিতায় কোস্ট ট্রাস্ট রামগতি উপজেলায় মহতি প্রকল্প স্কুল ফিডিং কমৃসূচী পরিচালনা করছে। এই কমৃসূচীর আওতায় ৯৫টি প্রাথমিক বিদ্যালয় এবং ০২টি সতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার ছাত্রছাত্রীরা সুবিধা ভোগ করছে। এই কর্মসূচী কোমলমতি ছাত্রছাত্রীদের মাঝে সুফল বয়ে আনতে সক্ষম হয়েছে। তারই প্রমান চর পোড়াগাছা সরকারি প্রাথমিক বিদ্যালয়। এ বিদ্যালয় থেকে ২০১৭ ইং সালে ১১৪ জন শিক্ষার্থী প্রাথমিক সমাপনী পরিক্ষায় অংশগ্রহন করে ১০০% শিক্ষাথী পরিক্ষায় পাশ করে। তাদের মধ্যে ১০ জন শিক্ষাথী জিপিএ ৫ পেয়েছে।

বিদ্যালয়ের এই সফলতার পেছনে রয়েছে শিক্ষকদের অক্লান্ত পরিশ্রম ও আন্তরিকতা,অবিভাবকদের সচেতনতা এবং স্কুল ফিডিং কর্মসূচী। উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আবুল কালাম বলেন, আমরা সকাল ৯.১৫ মিনিটে ৫ম শ্রেনীর পাঠদান আরম্ভ করি এবং ৪.১৫ মিনিটে শেষ করি। অনেক ছাত্রছাত্রী সকালে না

খেয়ে স্কুলে আসে। আমরা ছাত্রছাত্রীদের প্রতিনিয়ত ০১ প্যাকেট পুষ্টিকর বিস্কুট দিয়ে থাকি। ছাত্রছাত্রীরা পাঠদানের ফাঁকে ফাঁকে বিস্কুট খেয়ে খুঁধা নিবারন করে ফলে লেখাপড়ায় মনোযোগি হতে পারে। এতে ছাত্রছাত্রীরা পরিক্ষায় ভালো ফলাফল করতে সক্ষম হয়েছে। বিদ্যালয়টি এ বছর উপজেলায় শ্রেষ্ঠ বিদ্যালয় হিসাবে সুনাম অর্জন করে।

জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থীদের সাথে উপজেলা শিক্ষা কর্মকর্তা এবং বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ। ছবি তুলেছেন মোঃ রফিকুল আলম, ফিল্ড মনিটর,স্কুল ফিডিং কমৃসূচী।

মানসম্মত শিক্ষামুখী কৌশল ও সচেতনতা বৃদ্ধিতে মা সমাবেশ

দক্ষিন পশ্চিম চর সীতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেনীর শিক্ষার্থীদের অবিভাবকদের নিয়ে গত ৩০ জানুয়ারী ২০১৮ ইং তারিখে মানসম্মত শিক্ষামুখী কৌশল ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মা সমাবেশের আয়োজন করা হয়। দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচীর শুরু থেকেই লক্ষ্য মাত্রায় পৌছাতে কোস্ট ট্রাস্ট নিরালস ভাবে কাজ করে যাচ্ছে। এই কর্মসূচীর মনিটরিং অফিসারগন নিয়মিত বিদ্যালয় পরিদর্শনে শিক্ষক এবং ছাত্রছাত্রীদের সাথে বিভিন্ন বিষয়ে উন্নতির লক্ষ্যে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে থাকেন। ছাত্রছাত্রীদের ফলাফল বিপর্যয় এড়াতে অবিভাবক তথা মাদের মানসম্মত শিক্ষামুখী কৌশল এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত মা সমাবেশে আসার উপর গুরুত্ব আরোপ করা হয়ে থাকে। উক্ত বিদ্যালয়ে মা সমাবেশে প্রধান শিক্ষিকা জাবেরুন নাহার জানান যে, বিগত পাঁচ বছরের সমাপনী পরিক্ষায় ২০১৭ ইং সালের মতো খারাপ ফলাফল বিদ্যালয়ে আর কখনো হয়নি।

দক্ষিন পশ্চিম চর সীতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মা সমাবেশের কিছু অংশ। ছবি তুলেছেন মোহাম্মদ ফয়সাল, ফিল্ড মনিটর,স্কুল ফিডিং কমৃসূচী।

এই খারাপ ফলাফলে প্রধান কারন হিসাবে তিনি ছাত্রছাত্রীদের অনিয়মিত স্কুলে আসা, অবিভাবকদের অসচেনতা ও দায়িত্ব অবহেলাকে দায়ী করেন। ফিল্ড মনিটর মোহাম্মদ ফয়সাল, শিশুদের সঠিক সময়ে বিদ্যালয়ে আসা, পানির বোতল ও টিফিন বক্স নিয়ে আসা, স্কুল ড্রেস পরিধান করা, পাঠ্যগ্রহন এবং অবিভাবকদের তদারকি বৃদ্ধি করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। শিক্ষক এবং অবিভাবকদের যৌথ প্রচেষ্টায় ছাত্রছাত্রীরা ভালো ফলাফল করবে বলে তিনি আশা ব্যক্ত করেন।

বিস্কুট গ্রহণ ,সরবরাহ, বিতরণ/খাওয়া সংক্রান্ত তথ্যাদি

গত মাসের মজুদ	ফ্যাক্টরী থেকে বিস্কুট গ্রহণ (টন)	মোট (টন)	স্কুলে বিতরণ (টন)	ওয়্যার হাউজে স্হিতি (টন)
৪২.০৯১৫	৫৬.০০	৯৮.০৯১৫	৫২.৩৮০০	৪৫.৭১১৫

মাসিক কাজের বিবরণঃ-

ক্রমিক নং	কাজের ধরন	টার্গেট	অর্জন	মন্তব্য
০১	স্কুল ভিজিট	২২৪	২১৪	
০২	মা সমাবেশ	০৯	০৬	
০৩	সবজী বাগান তৈরি	৩০	২৪	
০৪	এস এম সি	০৬	০৫	

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগঃ
কোস্ট ট্রাস্ট
দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি
প্রকল্প অফিস,সুজন গ্রাম, ওয়ার্ড নং-০২, চর সেকান্দার
রামগতি পৌরসভা,রামগতি, লক্ষীপুর।
০১৭১৩-১৪৪১৯৬
masumbilla.coast@gmail.com